গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান শিক্ষক
পিরোজপুর সরকারি বালিকা উচ্চবিদ্যালয়, পিরোজপুর

এবং

জেলা শিক্ষা অফিসার,পিরোজপুর
এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ০১, ২০২৩ খ্রিঃ – জুন ৩০, ২০২৪ খ্রিঃ

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ০১ |
| প্রস্তাবনা | ০৩ |
| সেকশন ১: সাধারণ কার্যাবলি | ০৪ |
| সেকশন ২: কর্মসম্পাদন পরিকল্পনা-১ | ০৫ |
| সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা-২ | ০৭ |
| চুক্তি | ০৮ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ | ০৯ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি | ১০ |

# পিরোজপুর সরকারি বালিকা উচ্চবিদ্যালয়, পিরোজপুর
## এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র:
**(Overview of the performance of Pirojpur Govt. Girls' High School, Pirojpur)**

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

- সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ
- সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ
- ভবিষ্যৎ পরিকল্পনা,

## • সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

পিরোজপুর সরকারি বালিকা উচ্চবিদ্যালয়, পিরোজপুর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী বিদ্যালয়ের কোমলমতি শিক্ষার্থীদের মানসম্মত শিক্ষা দানে প্রতিশ্রুতিবদ্ধ এবং এ লক্ষ্যে কর্তপক্ষের নির্দেশনা মোতাবেক যাবতীয় কর্ম সম্পাদন করে যাচ্ছে। প্রতি বছর ১ জানুয়ারি উৎসবমুখর ও আনন্দঘন পরিবেশে জাতীয় পাঠ্যপুস্তক দিবস পালন ও পাঠ্যপুস্তক বিতরণের মাধ্যমে শিক্ষাবর্ষ শুরু হয়। সরকারি ছুটির তালিকার সাথে সামঞ্জস্য রেখে বার্ষিক কর্মসম্পাদন পরিকল্পনা তৈরি করা হয়। যথাযথ উপকরণ ব্যবহার করে শ্রেণিতে পাঠদান করা হয়। বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা, বার্ষিক মিলাদসহ যাবতীয় সহপাঠক্রমিক কার্যাবলি সম্পাদন করা হয়। জাতীয় দিবস ও অনুষ্ঠানসমূহ যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপন ও পালন করা হয়। জাতীয় গ্রীষ্মকালীন ও শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা, বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ ও জাতীয় শিক্ষা সপ্তাহসহ সকল জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করা হয়। সমগ্র ক্যাম্পাস সিসি ক্যামেরার আওতায় নিয়ে আসা হয়েছে। শিক্ষার্থীদের সুন্দর, মনোরম ও পরিচ্ছন্ন পরিবেশে শিক্ষালাভের জন্য পুরো ক্যাম্পাসে বিন স্থাপন এবং ইউভি ফিল্টার এর মাধ্যমে সুপেয় পানির ব্যবস্থা এবং হাত ধোয়ার ব্যবস্থা করা হয়েছে। প্রয়োজনে শিক্ষার্থীদের হাইজিন সামগ্রী সরবরাহ করার ব্যবস্থাও নেয়া হয়েছে। "শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পের আওতায় প্রতিষ্ঠিত 'শেখ রাসেল ডিজিটাল ল্যাব' এর মাধ্যমে শিক্ষার্থীদের ল্যাব ক্লাসের ব্যবস্থা করা হয়।

বিগত ২০২০, ২০২১ ও ২০২২ শিক্ষা বছরে যথাক্রমে ২৪১, ১৯৪ ও ২২২ জন শিক্ষার্থী এস.এস.সি. পরীক্ষায় অংশগ্রহণ করে যথাক্রমে ২৩৭, ১৯৩ ও ২১৭ জন শিক্ষার্থী উত্তীর্ণ হয়েছে। শিক্ষকদের জীবন দক্ষতাভিত্তিক, শিক্ষা কারিকুলাম বাস্তবায়ন, ধারাবাহিক মুল্যায়ন, সৃজনশীল প্রশ্নপত্র প্রস্তুত ও হাতে-কলমে শিক্ষার উপর প্রশিক্ষণে প্রেরণ করা হয়েছে। এছাড়া কোভিড-১৯ এর মহামারীর কারণে শিক্ষাদান কার্যক্রম সফল করার জন্য অনলাইনে ক্লাস নেয়ার কার্যক্রম সফলভাবে গৃহীত হয়েছে।

বিগত ২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থ বছরে ৪৮৬০০ টি পাঠ্যপুস্তক বিতরণ করা হয়েছে। ২০২১-২২ সালে ২৮০০ জন শিক্ষার্থীকে করোনা টিকার আওতায় আনা হয়েছে। ক্ষুদে ডাক্তার দলের মাধ্যমে স্বাস্থ্য বিষয়ক কার্যক্রম পরিচালনা করা হয়। এছাড়া ফলিক এসিড, কৃমি নাশক ঔষধ বিতরণ, পরিবেশ সংরক্ষণে বৃক্ষরোপণসহ যাবতীয় কার্য সম্পাদন করা হয়েছে।

- **সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

পিরোজপুর সরকারি বালিকা উচ্চবিদ্যালয়ে শিক্ষার্থীদের অনলাইন ক্লাস নেয়ার ক্ষেত্রে কানেকটিভিটি দুর্বলতা ছিল, যা কাটিয়ে ওঠার প্রচেষ্টা নেয়া হয়েছে। অবকাঠামোগত যথেষ্ঠ দুর্বলতা রয়েছে। বিশেষ করে পর্যাপ্ত শ্রেণি কক্ষ ও আসবাবপত্রের সংকট রয়েছে। এছাড়া শিক্ষক স্বল্পতা শ্রেণি কার্যক্রম বাস্তবায়নে প্রধান অন্তরায়।

- **ভবিষ্যৎ পরিকল্পনা:**

ভিশন ২০৪১, SDG-4, জাতীয় শিক্ষানীতি ২০১০, বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার এবং ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনার আলোকে গুণগত শিক্ষা নিশ্চিত করণের লক্ষ্যে এই বিদ্যালয়ের সকল শিক্ষককে মাল্টিমিডিয়া ক্লাসরুম ব্যবহারের উপযোগী করে গড়ে তোলার লক্ষ্যে ইনহাউস প্রশিক্ষনের ব্যবস্থা করা। নিয়মিত অভিভাবকদের সমাবেশ ও অগ্রগতি অবহিতকরণসহ সকল শ্রেণিকক্ষ মাল্টিমিডিয়ার আওতায় আনা, সরকারের বিজ্ঞান উন্নয়ন প্রকল্পের আওতায় পর্যাপ্ত শ্রেণিকক্ষ ও ল্যাবরেটরি সুবিধা সম্প্রসারণ করা। শিক্ষার্থীদের সম্পৃক্ত করে বিভিন্ন ক্লাব গঠন ও পরিচালনা তথা বিদ্যালয়ের সহশিক্ষা কার্যক্রম শিক্ষার্থীদের দ্বারাই পরিচালনা করা। শিক্ষাক্রম ২০২১ বাস্তবায়নের লক্ষে বিষয়ভিত্তিক ইন হাউস প্রশিক্ষণের ব্যবস্থা করা।

- **২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

  - বিনামূল্যের পাঠ্যপুস্তক প্রাপ্তি ও বিতরণ নিশ্চিত করা।
  - শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের উপস্থিতি বৃদ্ধি করা এবং পাঠদান আরও আকষর্নীয় করা।
  - নতুন শিক্ষাক্রম ২০২১ অনুসারে শিক্ষার্থীদের মূল্যায়নের ব্যবস্থা করা।
  - শিক্ষক-কর্মচারীদের মানসম্মত সেবা প্রদান নিশ্চিত করার লক্ষ্যে ইনহাউস প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা।
  - বিশেষ চাহিদা সম্পন্ন এবং সংখ্যালঘু শিক্ষার্থীদের বৃত্তি/সহায়তা প্রদান কর্মসূচি বাস্তবায়ন।
  - নতুন শিক্ষা কারিকুলাম (২০২১) পূর্ণাঙ্গ বাস্তবায়নের লক্ষ্যে এর ইতিবাচক দিকসমূহ অবহিত করনের জন্য অভিভাবকদের সাথে মতবিনিময় করা।

# প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

প্রধান শিক্ষক

পিরোজপুর সরকারি বালিকা উচ্চবিদ্যালয়, পিরোজপুর

এবং

জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর

এর মধ্যে ২০২৩ সালের জুন মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয় পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# সেকশন ১:

## এপিএ প্রস্তুতকারী অফিসের সাধারণ কার্যাবলি

### ১.১ সাধারণ কার্যাবলি:

- মানসম্মত শ্রেণিশিক্ষা কার্যক্রম পরিচালনা করা।
- বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠানসহ সকল সহশিক্ষা কার্যক্রম পরিচালনা করা।
- বিদ্যমান জনবলের সেবার মান বাড়ানোর জন্য তাদের চাকুরি ও আর্থিক সুবিধাদি নিশ্চিত করা
- সৃজনশীল মেধা অন্বেষণ, জাতীয় শিক্ষা সপ্তাহসহ সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন প্রতিযোগিতায় শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিতকরণ।
- শিক্ষার মানোন্নয়নে ভবিষ্যৎ কর্মকৌশল নির্ধারণ, শিক্ষকদেরকে বিভিন্ন প্রশিক্ষণে প্রেরণ অথবা ইনহাউজ প্রশিক্ষণের ব্যবস্থা করা।
- শিক্ষার্থীদের মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ করতে জাতীয় দিবসসমূহ যথাযোগ্য মর্যাদার সাথে পালন।
- প্রশাসনসহ সরকারি বিভিন্ন বিভাগের সাথে যোগাযোগ ও সমন্বয় সাধন।
- যথাসময়ে শিক্ষা বোর্ডে শিক্ষার্থীদের নিবন্ধন কাজ সম্পন্নকরণ, নিবন্ধনপত্র, প্রবেশপত্র, একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও সনদপত্র সংগ্রহ ও বিতরণ।
- অভ্যন্তরিণ ও পাবলিক পরীক্ষা পরিচালনা।
- শিক্ষা প্রতিষ্ঠানের অভ্যন্তরের পরিবেশ উন্নয়ন।
- প্রশাসনিক জবাবদিহিতা নিশ্চিতকরণ করা।
- সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ।

## সেকশন ২:
## কর্মসম্পাদন পরিকল্পনা-১

| কর্মসম্পাদনের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা/নির্ণায়ক | | | | | প্রক্ষেপণ (আগামী দুই অর্থবছরের) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২০-২০২১ | ২০২১-২০২২ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| এপিএ প্রস্তুতকারী অফিসের কার্যক্রম (১০০ নম্বর) | | | | | | | | | | | | | | | |
| ১. মান সম্মত শিক্ষা নিশ্চিত করণে পাঠ্যক্রম অনুযায়ী শ্রেণিকক্ষে পাঠদান | ৪০ | ১.১ তত্ত্বীয় এবং ব্যবাহারিক ক্লাস গ্রহণ | ৩য় শ্রেণিতে গৃহীত ক্লাস | সমষ্টি | সংখ্যা | ০৫ | | | ১০৪০ | ৯৩৬ | ৮৩২ | ৭২৮ | ৬২৪ | ১০৭০ | ১১০০ |
| | | | ৪র্থ শ্রেণিতে গৃহীত ক্লাস | সমষ্টি | সংখ্যা | ০৫ | | | ১০৪০ | ৯৩৬ | ৮৩২ | ৭২৮ | ৬২৪ | ১০৭০ | ১১০০ |
| | | | ৫ম শ্রেণিতে গৃহীত ক্লাস | সমষ্টি | সংখ্যা | ০৫ | | | ১০৪০ | ৯৩৬ | ৮৩২ | ৭২৮ | ৬২৪ | ১০৭০ | ১১০০ |
| | | | ৬ষ্ঠ শ্রেণিতে গৃহীত ক্লাস | সমষ্টি | সংখ্যা | ০৫ | | | ১৫৬০ | ১৪০৪ | ১২৪৮ | ১০৯২ | ৯৩৬ | ১৫৮০ | ১৬০০ |
| | | | ৭ম শ্রেণিতে গৃহীত ক্লাস | সমষ্টি | সংখ্যা | ০৫ | | | ১৫৬০ | ১৪০৪ | ১২৪৮ | ১০৯২ | ৯৩৬ | ১৫৮০ | ১৬০০ |
| | | | ৮ম শ্রেণিতে গৃহীত ক্লাস | সমষ্টি | সংখ্যা | ০৫ | | | ১৫৬০ | ১৪০৪ | ১২৪৮ | ১০৯২ | ৯৩৬ | ১৫৮০ | ১৬০০ |
| | | | ৯ম শ্রেণিতে গৃহীত ক্লাস | সমষ্টি | সংখ্যা | ০৫ | | | ১৫৬০ | ১৪০৪ | ১২৪৮ | ১০৯২ | ৯৩৬ | ১৫৮০ | ১৬০০ |
| | | | ১০ম শ্রেণিতে গৃহীত ক্লাস | সমষ্টি | সংখ্যা | ০৫ | | | ১৫৬০ | ১৪০৪ | ১২৪৮ | ১০৯২ | ৯৩৬ | ১৫৮০ | ১৬০০ |
| ২. জাতীয় দিবস সমূহ উদযাপন | ০৫ | ২.১ বিভিন্ন জাতীয় দিবস উদযাপন | আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস, স্বাধীনতা দিবস, বিজয় দিবস, জাতীয় শোক দিবস, জাতীয় শিশু দিবস | সময় | তারিখ | ০৫ | | | ২১শে ফেব্রুয়ারি | ১৬ ডিসেম্বর | ১৫ আগষ্ট | ২৬ মার্চ | ১৭ মার্চ | | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা/নির্ণায়ক | | | | | প্রক্ষেপণ (আগামী দুই অর্থবছরের) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২০-২০২১ | ২০২১-২০২২ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| | | | | | | | | | | | | | | | |
| ৩. সহশিক্ষা কার্যক্রম পরিচালনা | ১৫ | ৩.১ বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা | বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত | সময় | তারিখ | ০৪ | - | - | ২০-৩১ জানুয়ারি | ১-৭ ফেব্রুয়ারি | ৮-১৫ ফেব্রুয়ারি | ১৬-২৩ ফেব্রুয়ারি | ২৪-২৮ ফেব্রুয়ারি | ২০-৩১ জানুয়ারি | ২০-৩১ জানুয়ারি |
| | | ৩.২ সাংস্কৃতিক প্রতিযোগিতা | বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত | সময় | তারিখ | ০৩ | - | - | জানুয়ারি শেষ সপ্তাহ | ফেব্রুয়ারি ১ম সপ্তাহ | ফেব্রুয়ারি ২য় সপ্তাহ | ফেব্রুয়ারি ৩য় সপ্তাহ | ফেব্রুয়ারি শেষ সপ্তাহ | ফেব্রুয়ারি ১ম সপ্তাহ | ফেব্রুয়ারি ১ম সপ্তাহ |
| | | ৩.৩ শিক্ষাসফর | বার্ষিক শিক্ষাসফর অনুষ্ঠিত | সময় | তারিখ | ০২ | - | - | ফেব্রুয়ারি ১ম সপ্তাহ | ফেব্রুয়ারি ২য় সপ্তাহ | ফেব্রুয়ারি ৩য় সপ্তাহ | ফেব্রুয়ারি শেষ সপ্তাহ | মার্চ ১ম সপ্তাহ | ফেব্রুয়ারি ১ম সপ্তাহ | ফেব্রুয়ারি ১ম সপ্তাহ |
| | | ৩.৪ সরস্বতী পূজা | বার্ষিক সরস্বতী পূজা অনুষ্ঠিত | সময় | তারিখ | ০২ | | | ফেব্রুয়ারি ১ম সপ্তাহ | ফেব্রুয়ারি ২য় সপ্তাহ | ফেব্রুয়ারি ৩য় সপ্তাহ | ফেব্রুয়ারি শেষ সপ্তাহ | মার্চ ১ম সপ্তাহ | ফেব্রুয়ারি ১ম সপ্তাহ | ফেব্রুয়ারি ১ম সপ্তাহ |
| | | ৩.৫ বিতর্ক প্রতিযোগিতা | বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত | সময় | তারিখ | ০২ | - | - | আগষ্ট ৪র্থ সপ্তাহ | সেপ্টেম্বর ১ম সপ্তাহ | সেপ্টেম্বর ২য় সপ্তাহ | সেপ্টেম্বর ৩য় সপ্তাহ | সেপ্টেম্বর ৪র্থ সপ্তাহ | জুলাই ৩য় সপ্তাহ | জুলাই ৩য় সপ্তাহ |
| | | ৩.৬ বার্ষিক মিলাদ | বার্ষিক মিলাদ অনুষ্ঠিত | সময় | তারিখ | ০২ | - | - | ১০-১২ সেপ্টেম্বর | ১৫-১৬ সেপ্টেম্বর | ১৯-২০ সেপ্টেম্বর | ২২-২৩ সেপ্টেম্বর | ২৮-২৯ সেপ্টেম্বর | ১০-১১ সেপ্টেম্বর | ০৯-১০ সেপ্টেম্বর |
| ৪. জবাবদিহিতা নিশ্চিতকরণ ও মনিটরিং | ১০ | ৪.১ প্রসপেক্টাস ও একাডেমিক ক্যালেন্ডার | ৩.১.১ প্রসপেক্টাস ও একাডেমিক ক্যালেন্ডার প্রণীত | সময় | তারিখ | ০৩ | - | - | ২০-৩১ ডিসেম্বর | ৫ জানুয়ারি | ১০ জানুয়ারি | ১৫ জানুয়ারি | ২০ জানুয়ারি | ৩০ ডিসেম্বর | ১৫ ডিসেম্বর |
| | | | ৩.১.২ বাস্তবায়িত | সময় | শতকরা | ০২ | - | - | ৯৫ | ৯০ | ৮৫ | ৭৫ | ৭০ | ৯৮ | ৯৮ |
| | | ৪.২ ভিজিলেন্স টিম | ৩.২.১ ভিজিলেন্স টিম গঠন | সময় | তারিখ | ০৩ | - | - | ২০ জুন | ২৮ জুন | ৩০ জুন | ০১ জুলাই | ০৫ জুলাই | ২০ জুন | ২০ জুন |
| | | | ৩.২.২ দাখিলকৃত রিপোর্ট | সময় | সংখ্যা | ০২ | - | - | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১২০ | ১৩০ |

## সেকশন ৩:

### কর্মসম্পাদন পরিকল্পনা-২

| কর্মসম্পাদনের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | ২০২৩-২০২৪ অর্থবছরের লক্ষ্যমাত্রা/নির্ণায়ক | | | | | প্রক্ষেপণ (আগামী দুই অর্থবছরের) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২০-২০২১ | ২০২১-২০২২ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| এপিএ প্রস্তুতকারী অফিসের কার্যক্রম (১০০ নম্বর) | | | | | | | | | | | | | | | |
| ১. সংস্কার, সুশাসন ও জবাবদিহিতা ইত্যাদি বাস্তবায়ন ও জোরদারকরণ | ৩০ | ১.১ শুদ্ধাচার কৌশল, সেবা প্রদান, অভিযোগ প্রতিকার, তথ্য অধিকার নিশ্চিত করন | শুদ্ধাচার কৌশল পরিকল্পনা ও বাস্তবায়ন | সমষ্টি | সংখ্যা | ১০ | | | | | | | | | |
| | | | শিক্ষার্থী ও অভিভাবকগণকে তাদের চাহিত সেবা নিশ্চিতকরণ | সমষ্টি | সংখ্যা | ১০ | | | | | | | | | |
| | | | শিক্ষার্থী ও অভিভাবক যে কোনো অভিযোগ গ্রহণ এবং প্রতিকার | সমষ্টি | সংখ্যা | ০৫ | | | | | | | | | |
| | | | চাহিদা অনুসারে বিদ্যালয়ের যে কোনা তথ্য প্রদান | সমষ্টি | সংখ্যা | ০৫ | | | | | | | | | |

আমি, প্রধান শিক্ষক, পিরোজপুর সরকারি বালিকা উচ্চবিদ্যালয়, পিরোজপুর হিসেবে জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর হিসেবে প্রধান শিক্ষক, পিরোজপুর সরকারি বালিকা উচ্চবিদ্যালয়, পিরোজপুর এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

২০.০৮.২০২৩

---------------------------------------- ----------------------------

প্রধান শিক্ষক
পিরোজপুর সরকারি বালিকা উচ্চবিদ্যালয়, পিরোজপুর

তারিখ

২০.০৮.২০২৩

---------------------------------------- ----------------------------

জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর

তারিখ

## সংযোজনী-১

### শব্দসংক্ষেপ

-------------

SDG-4 = Sustainable Development Goal.

## সংযোজনী- ২:

### কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| ১ | মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণে পাঠ্যক্রম অনুযায়ী শেণিকক্ষে পাঠদান | তত্ত্বীয় ও ব্যবহারিক ক্লাস ও পরীক্ষা গ্রহণ | ১। পাঠ্যপুস্তক, সিলেবাস ইত্যাদি বিতরণ রেজি.<br>২। ক্লাস রুটিন<br>৩। মূল্যায়নকৃত খাতা |
| ২ | সহশিক্ষা কার্যক্রম | বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন ও বাস্তবায়ন | বিভিন্ন প্রতিযোগিতা অনুষ্ঠানের সূচি এবং কমিটি গঠনের চিঠি, পুরস্কার ক্রয় ভউচার, সংশ্লিষ্ট স্থির চিত্র, ভিডিও চিত্র, ব্যানার ইত্যাদি |
| ৩ | জাতীয় দিবসসমূহ উদযাপন | আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস, স্বাধীনতা দিবস, বিজয় দিবস, জাতীয় শোক দিবস, জাতীয় শিশু দিবস এবং অন্যান্য দিবস যথাযথ মর্যাদায় পালিত। | দিবসসমূহ পালনে সংশ্লিষ্ট নোটিস, ব্যানার, স্থির চিত্র |
| ৩ | সচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১। কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ে ক্লাস শুরু ও শেষ করা | বার্ষিক কর্মপরিকল্পনা, ক্লাস রুটিন |
| | | ২। নির্ধারিত সময়ে চাহিত তথ্যাদি প্রেরণ | সংরক্ষণ নথি |